# বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়,
# ময়মনসিংহ

## বিজ্ঞপ্তি

এতদ্বারা বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয় , ময়মনসিংহ এর সকল শিক্ষার্থীকে জানানো যাচ্ছে যে , করোনা ভাইরাস (কোভিড -১৯) এর প্রাদুর্ভাব মোকাবেলায় বিশ্ববিদ্যালয়ের পক্ষ থেকে গৃহীত বিভিন্ন উদ্যোগের অংশ হিসেবে অত্র বিশ্ববিদ্যালয়ে অধ্যয়নরত পারিবারিকভাবে অস্বচ্ছল শিক্ষার্থীদের বর্তমান অবস্থা বিবেচনায় নিয়ে 'বিশ্ববিদ্যালয়ের তহবিল' থেকে এককালীন আর্থিক অনুদান দেয়ার সিদ্ধান্ত গ্রহণ করা হয়েছে । করোনা ভাইরাসজনিত মহামারীর সংক্রমণরোধে বর্তমানে বিশ্ববিদ্যালয়ের একাডেমিক কার্যক্রম পরবর্তী নির্দেশ না দেওয়া পর্যন্ত বন্ধ রয়েছে। এমতাবস্থায়, উল্লিখিত আর্থিক অনুদান পেতে আগ্রহী শিক্ষার্থীদের বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইটে প্রদত্ত (https ://docs.google.com/forms/d/e/1FAIpQLSf_1VIl2PViLjsEr4IciA3YMrOr6ePLFhQmp3Jt3X-RSyiK4w/viewform ) লিংকের মাধ্যমে আগামী ০৪/০৬/২০২০ তারিখের মধ্যে আবেদন করতে পারবে । আবেদনে প্রদত্ত তথ্য অসম্পূর্ণ/ ভুল/ অসত্য হলে আবেদনটি সরাসরি বাতিল বলে গণ্য হবে । আবেদনকারীদের মধ্য থেকে বিভাগ ভিত্তিক নির্দিষ্ট সংখ্যক প্রকৃত অস্বচ্ছল ও দরিদ্র পরিবারের শিক্ষার্থীদের বাছাই করা হবে। আর্থিক সাহায্য পাওয়ার মত যোগ্য শিক্ষার্থীদের বাছাইয়ের ক্ষেত্রে বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে বিবেচিত হবে। বাছাইকৃত শিক্ষার্থীদের এসএমএস-এর মাধ্যমে অনুদান প্রাপ্তির বিষয়টি জানানো হবে।